# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি) ও বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৫৭/২০২২

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি) ও বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৫৭/২০২২

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | প্রথম অংশ | |
| ১ | মুখবন্ধ | vii |
| | অধ্যায়-১ | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ৩-৬ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৭ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৯ |
| | অধ্যায়-২ | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১৩ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৫-২৫ |
| | দ্বিতীয় অংশ | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ২৯-৪২ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(১) অনুযায়ী সকল Public Enterprise এর হিসাব অডিট করার জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ক্ষমতাপ্রাপ্ত।

২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি) ও বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৯টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত সংস্থা প্রধান বরাবর ইস্যু করা হয়েছে। একই সাথে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: ____ বঙ্গাব্দ
৫/৮/২০২৩ খ্রিষ্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য:**

এই রিপোর্ট ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) ও বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি) এর ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের কার্যক্রমের উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধিমালা ও নীতিমালা, কোম্পানি আইন, প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এবং আর্টিকেল অব অ্যাসোসিয়েশন ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকির ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:**

**প্রতিষ্ঠান পরিচিতি:**

**বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড:**

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন একটি শিল্প প্রতিষ্ঠান। ১৯৬৭ সালে তৎকালীন পাকিস্তান সরকার এবং পশ্চিম জার্মানির মেসার্স সিমেন্স এর যৌথ উদ্যোগে এ প্রতিষ্ঠানটি শিরোমনি, খুলনায় স্থাপিত হয়। ১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাণিজ্যিকভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগের জন্য প্রয়োজনীয় সকল ধরণের কপার ক্যাবল, অপটিক্যাল ফাইবার ক্যাবল, HDPE সিলিকন ডাক্টপাইপ, ওভারহেড কন্ডাক্টর ও পাওয়ার ক্যাবল উৎপাদন করে দেশের ১০০% চাহিদা পূরণ করে আসছে।

**ভিশন:** ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নে সহায়ক প্রতিষ্ঠান গড়ে তোলা।

**মিশন:** ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠায় একটি সহায়ক প্রতিষ্ঠান হিসেবে কাজ করা, পরিবেশ বান্ধব আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে টেলিকম ও আইসিটি খাতের আমদানী নির্ভরতা কমানোর মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা এবং যাবতীয় স্মার্ট পণ্যসমূহের সুবিধাদি জনগণের কাছে পৌঁছানো।

**বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল):**

১৮৫৩ সালে তৎকালীন ব্রিটিশ ভারতে ডাক ও টেলিগ্রাফ বিভাগের অধীনে টেলিগ্রাফ শাখা প্রতিষ্ঠা করা হয়েছিল। পরবর্তীতে টেলিগ্রাফ আইন, ১৮৮৫ দ্বারা এর কার্যক্রম পরিচালিত হতো। টেলিগ্রাফ শাখাটি ১৯৬২ সালে তৎকালীন পূর্ব পাকিস্তানে পাকিস্তান টেলিগ্রাফ এবং টেলিফোন বিভাগ হিসেবে পুনর্গঠন করা হয়েছিল। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার পর ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ টেলিগ্রাফ এবং টেলিফোন বিভাগ স্থাপন করা হয়। এটি টেলিগ্রাফ এবং টেলিফোন বোর্ড অধ্যাদেশ, ১৯৭৫ জারির মাধ্যমে "টেলিগ্রাফ এবং টেলিফোন বোর্ড" নামে একটি কর্পোরেট সংস্থায় রূপান্তরিত হয়। ১৯৭৯ সালের একটি অধ্যাদেশের মাধ্যমে টেলিগ্রাফ এবং টেলিফোন বোর্ডকে বাংলাদেশ টেলিগ্রাফ এবং টেলিফোন বোর্ড (বিটিটিবি) এ রূপান্তর করা হয়। পরবর্তীতে বাংলাদেশ টেলিগ্রাফ এবং টেলিফোন বোর্ড (বিটিটিবি) ২০০৮ সালের ১ জুলাই হতে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) হিসেবে কার্যক্রম শুরু করে। বর্তমানে বিটিসিএল প্রায় ১ মিলিয়ন টেলিফোন গ্রাহককে উপজেলা (থানা) ও গ্রোথ সেন্টারে টেলিফোন সেবা দিচ্ছে। গ্রাহকগণের অধিকাংশই ডায়াল আপ ইন্টারনেট পরিষেবা ব্যবহার করতে পারেন। বিটিসিএলের সবচেয়ে বড় টেলিকম অবকাঠামো রয়েছে যার মধ্যে আছে কপার ক্যাবলিং, মাইক্রোওয়েভ লিঙ্ক, স্যাটেলাইট লিংক, অপটিকাল ফাইবার নেটওয়ার্ক ইত্যাদি। বর্তমানে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর অধীন একটি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান।

**ভিশন:** টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক সেবা সম্প্রসারণ ও সেবা বহুমুখীকরণ।

**মিশন:** বৈশ্বিক প্রবণতার সাথে সামঞ্জস্যপূর্ণ প্রযুক্তির অবকাঠামো স্থাপনের মাধ্যমে জনসাধারণের জন্য সার্বজনীন, সাশ্রয়ী, উচ্চমানসম্পন্ন ও নির্ভরযোগ্য টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণ।

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড:

আন্তর্জাতিক মানের অপটিক্যাল ফাইবার ক্যাবল প্লান্ট, টেলিকম কপার ক্যাবল প্লান্ট ও এইচডিপিই সিলিকন ডাক্ট প্লান্ট এর উৎপাদন ও সরবরাহ বৃদ্ধি করা। এ সংশ্লিষ্ট আমদানী নির্ভরতা কমিয়ে দেশীয় অর্থনীতিতে অবদান রাখা। এছাড়াও দেশে বিদ্যুৎ সেক্টরে ক্রমবর্ধমান চাহিদার বিষয়টি লক্ষ্য রেখে প্রতিষ্ঠানটির চলমান বৈদ্যুতিক ওভার হেড কন্ডাক্টর, স্যাগস ড্রপ ক্যাবল এবং বেয়ার/ ইনস্যুলেটেড ওয়্যার তৈরির প্রকল্প চালু করে দেশীয় উন্নয়নে অবদান রাখা এবং বেকারত্ব দূরীকরণে সহযোগিতার মাধ্যমে 'ডিজিটাল বাংলাদেশ' গড়তে সহায়ক ভূমিকা পালন করা।

প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ: (লক্ষ টাকায়)

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | অর্থের উৎস | অর্থবছর | ব্যয়ের খাতসমূহ | বরাদ্দ | সংশোধিত বরাদ্দ | খরচ | মোট বাজেটের শতকরা হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড | নিজস্ব আয় | ২০১৯-২০২০ | বেতন-ভাতা, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, নির্মাণ ও পূর্ত। | ৭৯৯৬০.৩৮ | ৭৯৯৬০.৩৮ | ৭৯৯৬০.৩৮ | ১০০% | নিজস্ব আয় এর মাধ্যমে ব্যয় নির্বাহ করে থাকে। |
| | | | ২০২০-২০২১ | বেতন-ভাতা, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, নির্মাণ ও পূর্ত। | ৬৯৫৮৫.৭৭ | ৬৯৫৮৫.৭৭ | ৬৯৫৮৫.৭৭ | ১০০% | |
| ২ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড | নিজস্ব আয় | ২০১৯-২০২০ | বেতন, ভাতা, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, ক্রয়, নির্মাণ, পূর্ত ও উৎপাদন ব্যয়। | ১৪৯৪০.৩৭ | ২১৯৬৯.৩৫ | ২০৪১৭.৭৪ | ৫০.১৮% | নিজস্ব আয় এর মাধ্যমে ব্যয় নির্বাহ করে থাকে। |
| | | | ২০২০-২০২১ | বেতন -ভাতা, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, ক্রয় - বিক্রয়, নির্মাণ, পূর্ত ও উৎপাদন ব্যয়। | ১৯৪১১.১৩ | ২১৮১৮.৭৭ | ১৯২৮২.৩১ | ৪৯.৮% | |
| | | | | মোট= | ১৯৩৩৩৪.২৭ | ১৮৯২৪৬.২ | | | |

**অডিটের আইনগত ভিত্তি:** দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(১) অনুযায়ী [illegible]

অডিটের পরিধি:

১। বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বিসিএসএল)

২। বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

প্রতিষ্ঠানসমূহের বেতন-ভাতা, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, ক্রয়-বিক্রয়, নির্মাণ, পূর্ত, উৎপাদন ব্যয় ইত্যাদি ঝুঁকি হিসেবে চিহ্নিত খাতসমূহ।

অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:

**অডিটের বিষয়বস্তু:** বেতন-ভাতা, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, ক্রয়-বিক্রয়, নির্মাণ, পূর্ত, উৎপাদন ব্যয় ইত্যাদি।

অডিট কৌশল:

- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।
- গুরুত্বপূর্ণ বিষয়/ম্যাটেরিয়ালিটি নির্ধারণ।
- ঝুঁকি নিরূপণ ও মূল্যায়ণ।
- নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন।
- পর্যবেক্ষণ, পরিদর্শন, তদন্ত, নথি ও রেকর্ডপত্র পর্যালোচনা, বিশ্লেষণ ইত্যাদি।

**অডিট সময়কাল:** ১০-১২-২০১৯ খ্রি. হতে ২৫-০৩-২০২০ খ্রি. পর্যন্ত বিটিসিএল এবং ১৩-০২-২০২২ খ্রি. হতে ০৪-০৩-২০২২ খ্রি. পর্যন্ত সময়ে বিসিএসএল নিরীক্ষা করা হয়।

# নির্বাহী সারসংক্ষেপ

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড (বিটিসিএল) ও বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি) এর ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক কার্যাবলী সংক্রান্ত তথ্য সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়েছে।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উথাপিত হয়েছে। নিরীক্ষাকালে কোন অডিট অনুচ্ছেদ নিষ্পত্তি করা হয়নি। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ০৯টি অডিট অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ৩৭৪,৫৮,৭৯,০৭৭ (তিনশত চুয়াত্তর কোটি আটান্ন লক্ষ উনআশি হাজার সাতাত্তর টাকা) টাকা। নিম্নবর্ণিত বিধি-বিধানসমূহ অনুসরণ না করায় অনিয়মসমূহ সংঘটিত হয়েছে:

- ক্রয়াদেশের শর্তাবলী অনুযায়ী ক্রয় সম্পাদন না করা;
- কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর নির্দেশনা পরিপালন না করা;
- পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও এর হালনাগাদ সংশোধিত আদেশসমূহ অনুসরণ না করা;
- জেনারেল ফিন্যান্সিয়াল রুলস অনুসরণ না করা;
- দি টেলিগ্রাফ এ্যাক্ট, ১৮৮৫ এবং The Public Demands Recovery Act, 1913 অনুসরণ না করা;
- বিটিসিএল প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুসরণ না করা এবং
- স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ অনুসরণ না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ (Abbreviation)

| | |
|---|---|
| BCSL | Bangladesh Cable Silpa Limited |
| BoD | Board of Directors |
| BTCL | Bangladesh Telecommunications Company Limited |
| FRC | Financial Reporting Council |
| GAAP | Generally Accepted Accounting Principles |
| GCC | General Conditions of Contract |
| IAS | International Accounting Standard |
| NOA | Notification of Award |
| PPA | Public Procurement Act |

৩—

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| ক্র: নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| | **বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড** | |
| ০১ | নিম্নমানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার আমদানি করায় ও নিরাপত্তা জামানত নগদায়ন (Encashment) না করায় আর্থিক ক্ষতি। | ১,৫৪,৫৯,২০০ |
| ০২ | মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর নির্দেশনা লঙ্ঘনপূর্বক শেয়ারে বিনিয়োগ করায় আর্থিক ক্ষতি। | ১,৫১,২৭,০০০ |
| ০৩ | ঠিকাদার কর্তৃক নির্ধারিত সময়ে কাজ সম্পাদন না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা কর্তন না করায় আর্থিক ক্ষতি। | ২০,৬৪,৭৮৩ |
| | উপমোট = | ৩,২৬,৫০,৯৮৩ |
| | **বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড** | |
| | ২০১৮-২০১৯ | |
| ০৪ | Optical Network Unit (ONU) এক্সচেঞ্জ অব্যবহৃত অবস্থায় থাকা সত্ত্বেও অনিয়মিতভাবে অফিস/বাড়ি ভাড়া পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১০,৫৮,৫০০ |
| | ২০২০-২০২১ | |
| ০৫ | বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে পাওনা অনাদায়ী থাকায় কোম্পানির আর্থিক ক্ষতি। | ৩১৬.৮১.৩৯.৬৩২ |
| ০৬ | টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড কে প্রদত্ত অগ্রিম সমন্বয় না করায় আর্থিক ক্ষতি। | ৪০.১০.১৫.৩৯১ |
| ০৭ | নীতিমালা ছাড়া কু-ঋণ প্রভিশন (Provision for Bad debt) রাখায় কোম্পানির আর্থিক ক্ষতি। | ৯১০.৬২.৪৮৭ |
| ০৮ | মোবাইল ফোন অপারেটর রবি এবং বাংলালিংক এর নিকট হতে রেভিনিউ শেয়ারিং বাবদ পাওনা অর্থ অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি। | ৪৭৪.৩৪.০৮৪ |
| ০৯ | পাওয়ার গ্রিড কোম্পানি বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এর সাথে লিজ চুক্তি মূল্যের উপর স্ট্যাম্প শুল্ক পরিশোধ না করায় রাজস্ব ক্ষতি। | ৪৫.১৮.০০০ |
| | উপমোট= | ৩৭১,৩২,২৮,০৯৪ |
| | সর্বমোট= | ৩৭৪,৫৮,৭৯,০৭৭ |
| | কথায়: তিনশত চুয়াত্তর কোটি আটান্ন লক্ষ উনআশি হাজার সাতাত্তর টাকা। | |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নং: ০১

**শিরোনাম: নিম্নমানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার সরবরাহ করায় ও নিরাপত্তা জামানত নগদায়ন (Encashment) না করায় সর্বমোট ১,৫৪,৫৯,২০০ (এক কোটি চুয়ান্ন লক্ষ ঊনষাট হাজার দুইশত) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে নিম্নমানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার সরবরাহ করায় ও নিরাপত্তা জামানত নগদায়ন (Encashment) না করায় সর্বমোট ১,৫৪,৫৯,২০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে দরপত্র আহবান সংক্রান্ত নথি, দরপত্র মূল্যায়ন সংক্রান্ত নথি, LC সংক্রান্ত নথি, বিল অফ লোডিং (BL) সংক্রান্ত নথি ও বিল ভাউচার যাচাইয়ে দেখা যায় যে, ৯০,০০০ কি.মি. অপটিক্যাল ফাইবার ক্রয়ের জন্য মেসার্স HONGAN GROUP CORPORATION LTD. CHINA কে ০৬-০৭-২০২০ খ্রি. তারিখে ১৭৪৮ নং স্মারকে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড (NOA) প্রদান করা হয়। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি সম্পাদন করে ০৬-০৭-২০২০ খ্রি. তারিখে ২০১৯ নং স্মারকে ক্রয়াদেশ প্রদান করা হয়। চুক্তি/ক্রয়াদেশ মূল্য ছিল ৯০,০০০ কি.মি এর জন্য ৩,০৩,৩০০ USD। চুক্তিতে উল্লেখ ছিল ২টি লটে ৪৫,০০০ কি.মি. করে অপটিক্যাল ফাইবার সরবরাহ করবে। সেই অনুযায়ী ৪৫,০০০ কি.মি অপটিক্যাল ফাইবার এর চুক্তি মূল্য ছিল বাংলাদেশী টাকায়=(৩,০৩,৩০০×৮৪.৯৫)/২=২,৫৭,৬৫,৩৩৫/২=১,২৮,৮২,৬৬৭ টাকা। উক্ত ঠিকাদার ১ম লট ১৭-০৯-২০২০ খ্রি. তারিখে শিপমেন্ট করে। উক্ত মালামাল কারখানায় গ্রহণ করার পর Test করার সময় ১৪৫ কি.মি. ফাইবার Test এ নিম্নমানের প্রতীয়মান হয়। উক্ত কারণে উক্ত ঠিকাদারকে নিম্নমানের মালামাল সরবরাহের জন্য ২৫-১১-২০২০ খ্রি. তারিখে ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণ করা হয়। কিন্তু, উক্ত ঠিকাদার যথাযথ উত্তর প্রদান না করায় পরবর্তী ২য় লট ৪৫,০০০ কি.মি. অপটিক্যাল ফাইবার চুক্তি বাতিল করে। কিন্তু, প্রতিষ্ঠানের পারফরমেন্স সিকিউরিটি সম্পূর্ণটা বাতিল করা হয়নি। পারফরমেন্স সিকিউরিটির পরিমাণ ছিল ৩০,৩৩০ USD। বাংলাদেশী টাকায় ৩০,৩৩০×৮৪.৯৫= ২৫,৭৬,৫৩৩ টাকা।

ক্রয়াদেশ নং: ১৪.৩৭.০০০০.৭০২.০৭.৪১২.২০.২০১৯: তারিখ: ০৬-০৮-২০২০ খ্রি. এর শর্ত ২৭ অনুযায়ী: সরবরাহকৃত মালামাল হবে মানসম্মত। মালামাল গ্রহণের তারিখ হতে ১২ মাসের মধ্যে কারিগরি ত্রুটি পরিলক্ষিত হলে বিনা চার্জে নতুন মালামাল প্রতিস্থাপন করবে তবে এয়ার বিল/জাহাজ বিলের তারিখ হতে ১৫ মাসের বেশি হবে না।

চুক্তিপত্রে ব্যাংক গ্যারান্টি নং: ৪১১০২০৮২৮২৭০ এর রেফারেন্স দিয়ে উল্লেখ রয়েছে যে, সকল প্রকার দাবি ও মালামাল সরবরাহের ক্ষেত্রে অবশ্যই লিখিতভাবে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, ৬৭ গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা, বাংলাদেশ বরাবর ২৮ ফেব্রুয়ারির মধ্যে অবগত করতে হবে। এক্ষেত্রে ব্যাংক গ্যারান্টি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

আলোচ্যক্ষেত্রে ক্রয়াদেশ নং-১৪.৩৭.০০০০.৭০২.০৭.৪১২.২০.২০১৯, তারিখ: ০৬-০৮-২০২০ খ্রি. এর শর্ত ২৭ এবং ব্যাংক গ্যারান্টি নং: ৪১১০২০৮২৮২৭০, তারিখ: ২৬-০৭-২০২০ খ্রি. লঙ্ঘন করে নিম্নমানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার সরবরাহ করা ও নিরাপত্তা জামানত নগদায়ন (Encashment) না করায় সর্বমোট ১,৫৪,৫৯,২০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: ক]।

**অনিয়মের কারণ:** ক্রয়াদেশ নং-১৪.৩৭.০০০০.৭০২.০৭.৪১২.২০.২০১৯: তারিখ: ০৬-০৮-২০২০ খ্রি. এর শর্ত ২৭ এবং ব্যাংক গ্যারান্টি নং: ৪১১০২০৮২৮২৭০, তারিখ: ২৬-০৭-২০২০ খ্রি. লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** ক্রয়াদেশের শর্ত মোতাবেক ১ম লটে ৪৫,০০০ কি.মি. Coloured optical fiber সরবরাহ করে। বাকেশির পরীক্ষাগারে কাঁচামালের গুনগত মান যাচাইয়ে দেখা যায় কিছু মালের রোলিং ঠিকমতো না থাকায় মেশিন চালানোর সময় ছিড়ে যায়। এভাবে ১৫০ কি.মি. ফাইবার নষ্ট হয়ে যায়। উক্ত ১৫০ কিলোমিটার বাতিল করে ক্ষতিপূরণ আদায় করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। মেসার্স HONGAN GROUP CORPORATION LTD. CHINA কে ২টি লটে ক্রয়াদেশ প্রদান করা হয়েছিল। ১ম লটের অপটিক্যাল ফাইবার নিম্নমানের সরবরাহ করার কারণে ২য় লটের ক্রয়াদেশ বাতিল করা হয়। চুক্তিপত্রের শর্তানুযায়ী নিম্নমানের মালামাল সরবরাহ করলে ঠিকাদারের প্রদত্ত ব্যাংক গ্যারান্টি নগদায়ন করে ক্ষতিপূরণ আদায় করতে হবে। মালামাল গ্রহণ করার সময় যথাযথভাবে যাচাই করে নিম্নমানের প্রতীয়মান হওয়ায় সংশ্লিষ্ট ঠিকাদারকে ফেরত দেওয়া উচিৎ ছিল। এমতাবস্থায় নিম্নমানের মালামাল গ্রহণ করা উচিত হয়নি। এক্ষেত্রে চুক্তি ও ব্যাংক গ্যারান্টি বাতিল করা প্রয়োজন ছিল। কিন্তু, আলোচ্যক্ষেত্রে সম্পূর্ণ ব্যাংক গ্যারান্টি নগদায়ন না করে আংশিক ব্যাংক গ্যারান্টি নগদায়ন করায় এবং নিম্নমানের কাঁচামাল সরবরাহ করায় ১,৫৪,৫৯,২০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং সমুদয় অর্থ জরুরী ভিত্তিতে আদায় করে কোম্পানির তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০২

**শিরোনাম:** মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর নির্দেশনা লঙ্ঘনপূর্বক শেয়ারে বিনিয়োগ করায় ১,৫১,২৭,০০০ (এক কোটি একান্ন লক্ষ সাতাশ হাজার) টাকা আর্থিক ক্ষতি।

**বিবরণ:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর নির্দেশনা লঙ্ঘনপূর্বক শেয়ারে বিনিয়োগ করায় ১,৫১,২৭,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে হিসাব বিবরণী, শেয়ার ক্রয় সংক্রান্ত নথি ও আর্থিক বিবরণী যাচাইয়ে দেখা যায় যে, (১) বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর ৯২,৭০০টি শেয়ার প্রতিটি ১০০ টাকা মূল্যে ৯২,৭০,০০০ টাকায় ক্রয় করা হয়। (২) আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড এর ৫,৮৫,৭০০টি শেয়ার প্রতিটি ১০০ টাকা মূল্যে ৫৮,৫৭,০০০ টাকায় ক্রয় করা হয়। (৩) বর্তমানে আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড এর শেয়ার প্রতি মূল্য মাত্র ৪.১০ টাকা। ফলে, ৫,৮৫,৭০০টি শেয়ারের মূল্য =৫,৮৫,৭০০×৪.১০= ২৪,০১,৩৭০ টাকা। এক্ষেত্রে ক্ষতির পরিমাণ =(৫৮,৫৭,০০০-২৪,০১,৩৭০)=৩৪,৫৫,৬৩০ টাকা। (৪) বাংলাদেশ কমার্স ব্যাংক স্টক একচেঞ্জ তালিকাভুক্ত না হওয়ায় উক্ত শেয়ার লেনদেন করার সুযোগ নেই। ফলে, ৯২,৭০,০০০ টাকা নগদায়নের কোন সুযোগ নেই। উক্ত কারণে সমুদয় অর্থ ঝুঁকির ভিতর পড়েছে।

কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক নং-১০ অনুযায়ী: কোম্পানি উদ্দেশ্য পূরণের লক্ষ্যে শেয়ার বা স্টক ব্যতীত এমন সব বিনিয়োগ করতে পারবে যেগুলো বিনিয়োগ করা যথোপযুক্ত হবে।

আলোচ্যক্ষেত্রে মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক নং-১০ এর নির্দেশনা লঙ্ঘনপূর্বক শেয়ারে বিনিয়োগ করায় ১,৫১,২৭,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: খ]।

**অনিয়মের কারণ:** মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক নং-১০ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** বাংলাদেশ কমার্স ব্যাংক এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এ অত্র প্রতিষ্ঠানের জমাকৃত ১,১৫,৯১,৫৫৬ টাকা ফেরত পাওয়ার জন্য বাকেশি কর্তৃপক্ষ আদালতে একটি মামলা মামলা দায়ের করেছিল। ১৯৯৯ সালে ব্যাংকটি বাংলাদেশ কমার্স ব্যাংক নামে কার্যক্রম শুরু করে এবং বাকেশির পাওনাকৃত টাকার মধ্যে ৯২,৭০,০০০ টাকার শেয়ার এবং অবশিষ্ট ২৩,২১,৫৫৬ টাকা কিস্তিতে পরিশোধ করবে মর্মে নিশ্চয়তা প্রদান করা হয়। ব্যাংকটি স্টক একচেঞ্জে নিবন্ধিত হলে উক্ত শেয়ার বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। দি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড এর শেয়ার মূল্য বৃদ্ধি পেয়ে লাভজনক অবস্থায় আসলে পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে বিক্রি করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক নং-১০ লঙ্ঘন করে শেয়ারে বিনিয়োগ করায় এবং বিনিয়োগকৃত অর্থ দীর্ঘদিন হতে আদায় করতে না পারায় কোম্পানির ১,৫১,২৭,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং সমুদয় অর্থ আদায় করে সংস্থার তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০৩

**শিরোনাম: ঠিকাদার কর্তৃক নির্ধারিত সময়ে কাজ সম্পাদন না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা কর্তন না করায় ২০,৬৪,৭৮৩ (বিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশত তিরাশি) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে ঠিকাদার কর্তৃক নির্ধারিত সময়ে কাজ সম্পাদন না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা কর্তন না করায় ২০,৬৪,৭৮৩ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে ক্যাশ বহি, ব্যয় বিবরণী, দরপত্র আহবান সংক্রান্ত নথি, দরপত্র মূল্যায়ন সংক্রান্ত নথি ও বিল ভাউচার যাচাইয়ে দেখা যায় যে, ২৫০০ কেভিএ সাব স্টেশন ১৫০০ কেভিআর, পি এফ আই এবং বিবিটি স্থাপন কাজে মেসার্স এনার্জি প্যাক ইঞ্জিনিয়ারিং লিমিটেডকে নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NOA) প্রদান করা হয়। মালামাল সরবরাহের সময়সীমা ছিল ০৭-০৬-২০১৮ হতে ০৭-১০-২০১৮। কিন্তু, ৭ মাস ১৪ দিন বিলম্বে ২১-০৫-২০১৯ খ্রি. তারিখে কাজ সমাপ্ত করে। ঠিকাদার ৪ মাসের একটি কাজে ৭ মাস ১৪ দিন বিলম্ব করা সত্ত্বেও মাত্র ৩,২৭,৩১৭ টাকা জরিমানা কর্তন করে।

পিপিআর-২০০৮ এর বিধি-৪০(৩) (ক) অনুযায়ী সরবরাহ সমাপ্তির মূল সময়সীমার ২০% পর্যন্ত সময় বর্ধিত করতে পারবে। এছাড়া পিপিআর-২০০৮ এর বিধি-৪০(৩) (খ) অনুযায়ী প্রত্যাশিত সরবরাহের তারিখ সম্প্রসারণ করা হইবে কিনা এবং হইলে কত দিন হইবে ক্রয়কারী সে বিষয়ে তফসিল-২ (সময় বর্ধিতকরণে আবেদন প্রাপ্তির ২১ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করিতে হইবে) এ বর্ণিত সময়সীমার মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করিবে। অনুরূপভাবে, বিধি-৩৯(২৭) অনুযায়ী মূল চুক্তিতে প্রত্যাশিত বা সম্প্রসারিত সমাপ্তির তারিখ হইতে প্রতিদিন বিলম্বের জন্য ঠিকাদার চুক্তিতে নির্ধারিত দৈনিক বা সাপ্তাহিক হারে বিলম্বজনিত ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে। তবে শর্ত থাকে যে (ক) বিলম্বজনিত ক্ষতিপূরণ বাবদ প্রদেয় জরিমানার মোট পরিমাণ চুক্তিতে নির্ধারিত পরিমাণ অপেক্ষা অধিক হইবে না; (খ) ক্রয়কারী কর্তৃক ঠিকাদারের পাওনা হইতে বিলম্বজনিত ক্ষতিপূরণ বাবদ প্রদেয় অর্থ কর্তন করিতে হইবে।

চুক্তির সাধারণ শর্তাদি (GCC)-৩৮ (১) ও (২) অনুযায়ী (১) নির্ধারিত সময়ের মধ্যে অসরবরাহকৃত মালামালের মূল্যের উপর প্রতি সপ্তাহে ০.৫% হারে জরিমানা আদায় করবে। (২) বিশেষ ক্ষেত্রে যেমন আর্থিক ক্ষতি বা কাজে স্থানচ্যুতির কারণে তিন মাস বিলম্বের জন্য ০.৫% এর উচ্চ হারে বিলম্ব জরিমানা আদায় করবে। তবে তা ১% এর বেশি হবে না। তিন মাসের বেশি হলে অসরবরাহকৃত/অসম্পূর্ণ মালামালের বা অসম্পূর্ণ কাজের মূল্যের ০.৫% হারে আদায় করবে।

আলোচ্যক্ষেত্রে পিপিআর-২০০৮ এর বিধি-৩৯(২৭) এবং ৪০(৩) (ক), (খ) ও এবং চুক্তির সাধারণ শর্তাদি (GCC)-৩৮ (১ ও ২) লঙ্ঘন করে ঠিকাদার কর্তৃক নির্ধারিত সময়ে কাজ সম্পাদন না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা কর্তন না করায় ২০,৬৪,৭৮৩ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: গ]।

**অনিয়মের কারণ:** পিপিআর-২০০৮ এর বিধি-৩৯(২৭) এবং ৪০(৩) (ক),(খ) ও এবং চুক্তির সাধারণ শর্তাদি (GCC)-৩৮ (১ ও ২) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** মেসার্স এনার্জি প্যাক ইঞ্জিনিয়ারিং, ঢাকা উক্ত কাজের আওতায় প্রয়োজনীয় কিছু মালামাল চুক্তি সময়ের মধ্যে সরবরাহ করেছে এবং কিছু মালামাল চুক্তি সময়ের পরে সরবরাহ করেছে। এতে দেখা যায় মেসার্স এনার্জি প্যাক ইঞ্জিনিয়ারিং লিমিটেড, ঢাকা নির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত কাজের জন্য প্রয়োজনীয় সমস্ত মালামাল বাকেশিতে সরবরাহ করেছে। স্থাপন কাজের ক্ষেত্রে নিয়মানুযায়ী বিলম্ব জরিমানা কর্তন করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। পিপিআর ২০০৮ এর বিধি-৩৯(২৭), চুক্তির সাধারণ শর্তাদি (GCC)-৩৮ (১) ও (২) লঙ্ঘন করে ঠিকাদার ৪ মাসের একটি কাজ ৭ মাস ১৪ দিন বিলম্বে সমাপ্ত করে। ফলে, বিলম্ব জরিমানা কর্তন না করায় ২০,৬৪,৭৮৩ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** বিলম্ব জরিমানার সমুদয় অর্থ আদায় করে কোম্পানির তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০৪

**শিরোনাম: Optical Network Unit (ONU) এক্সচেঞ্জ অব্যবহৃত অবস্থায় থাকা সত্ত্বেও অনিয়মিতভাবে অফিস/বাড়ি ভাড়া পরিশোধ করায় সরকারের ১০,৫৮,৫০০ (দশ লক্ষ আটান্ন হাজার পাঁচশত) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর অধীন, উপ-মহাব্যবস্থাপক, ফোনস-১ (দক্ষিণ), মিরপুর, ঢাকা অফিসের ২০১৮-২০১৯ অর্থবছরের Optical Network Unit (ONU) এক্সচেঞ্জ অব্যবহৃত অবস্থায় থাকা সত্ত্বেও অনিয়মিতভাবে অফিস/বাড়ি ভাড়া পরিশোধ করায় কোম্পানির ১০,৫৮,৫০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে ক্যাশবই, বিল-ভাউচার ও অফিস/বাড়ি ভাড়া সংক্রান্ত নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট অফিস ৭৯/এ, ১ম কলোনী, মাজার রোড, গাবতলী মিরপুর, ঢাকা-১২১৬ এই ঠিকানায় উক্ত ফ্ল্যাটের ২য় তলা (পূর্ব পাশ) ONU এক্সচেঞ্জ স্থাপনের জন্য মাসিক ভাড়া হিসাব অনুযায়ী ১০,০০০ (দশ হাজার) টাকা ভাড়া নির্ধারণ করে ১জুন ২০১১ খ্রি. হতে ৩০ মে, ২০১৪ খ্রি. পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে চুক্তিপত্র সম্পাদন করা হয়। এক্সচেঞ্জের মেয়াদ ১০-১৫ বছর পর্যন্ত ৩ (তিন) বছর পর পর ১০% হারে বাড়ি ভাড়া বৃদ্ধি করে চুক্তি নবায়ন করা হয়। উক্ত চুক্তি মোতাবেক সংশ্লিষ্ট বাড়ির মালিককে ০১-০৬-২০১১ খ্রি. হতে ৩০-০৬-২০১৯ খ্রি. পর্যন্ত সর্বমোট ১০,৫৮,৫০০ টাকা বাড়ি ভাড়া পরিশোধ করা হয়েছে।

জেনারেল ফিন্যান্সিয়াল রুলস এর বিধি ১০ এর উপ-বিধি (১) মোতাবেক একজন দূরদর্শী ব্যক্তি নিজস্ব অর্থ ব্যয়ের ক্ষেত্রে যেরূপ সতর্কতা অবলম্বন করেন সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রত্যেক সরকারি কর্মকর্তা অনুরূপ সতর্কতা অবলম্বন করিবেন এবং উপ-বিধি (২) মোতাবেক দৃশ্যত প্রয়োজনের অতিরিক্ত অর্থ ব্যয় সমীচীন নয়।

আলোচ্যক্ষেত্রে জেনারেল ফিন্যান্সিয়াল রুলস এর বিধি ১০ এর উপ বিধি (১) এবং (২) লঙ্ঘন করে Optical Network Unit (ONU) এক্সচেঞ্জ অব্যবহৃত অবস্থায় থাকা সত্ত্বেও অনিয়মিতভাবে অফিস/বাড়ি ভাড়া পরিশোধ করায় কোম্পানির ১০,৫৮,৫০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: ঘ]।

**অনিয়মের কারণ:** জেনারেল ফিন্যান্সিয়াল রুলস এর বিধি ১০ এর উপ বিধি (১) এবং (২) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** নিরীক্ষাকালীন সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপত্তিটির কোন জবাব প্রদান করেননি।

**নিরীক্ষা মন্তব্য:** অডিট কোডের বিধি-৫৯ এবং ট্রেজারী রুলস এর অধীন সাবসিডিয়ারি রুলস- ৪৩৭ এর নির্দেশনা অনুযায়ী জবাব প্রদানের বাধ্যবাধকতা থাকলেও তা অনুসরণ করা হয়নি।

উল্লিখিত অনিয়মের বিষয়ে গত ২৭-১০-২০২০ খ্রি. তারিখে প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর AIR ইস্যু করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ আপত্তিকৃত টাকা আদায় করে প্রতিষ্ঠানের তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০৫

**শিরোনাম: বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে পাওনা অনাদায়ী থাকায় কোম্পানির ৩১৬,৮১,৩৯,৬৩২ (তিনশত ষোল কোটি একাশি লক্ষ উনচল্লিশ হাজার ছয়শত বত্রিশ) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল), ঢাকা অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে পাওনা অনাদায়ী থাকায় কোম্পানির ৩১৬,৮১,৩৯,৬৩২ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী যাচাইয়ে দেখা যায়, টেলিটক বাংলাদেশ লিমিটেড এর নিকট দীর্ঘদিন হতে ৭৯,৬৫,২৭,৪৩৩ টাকা, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর নিকট ৪৯,৯৪,০২,২৭৯ টাকা, বিভিন্ন সরকারী কোম্পানির নিকট ১২,৮১,৮২,৯৬৬ টাকা, এবং বন্ধ কোম্পানির নিকট (Closed number owing company, Other IGW as BTCL ICX, Other IGW as BTCL ANS) ১৭৪,৪০,২৬,৯৫৪ টাকা বকেয়া পড়ে রয়েছে। বকেয়া অর্থ আদায় না করে আর্থিক বিবরণীতে Receivable এ Teletalk Bangladesh Limited এর ২০২০-২০২১ অর্থবছরে ৭৯.৬৫ কোটি টাকা এবং ২০১৯-২০২০ অর্থবছরে ৫৮.৯০ কোটি টাকা, Bangladesh Cable Shilpa Limited এর ২০২০-২০২১ অর্থবছরে ৪৯.৯৪ কোটি টাকা এবং ২০১৯-২০২০ অর্থবছরে ৪৯.২৯ কোটি টাকা, Government Companies এর ২০২০-২০২১ অর্থবছরে ১২.৮১ কোটি টাকা এবং ২০১৯-২০২০ অর্থবছরেও একই পরিমাণ টাকা এবং বন্ধ বিভিন্ন কোম্পানির নিকট ২০২০-২০২১ অর্থবছরে ১৭৪.৪০ কোটি টাকা এবং ২০১৯-২০২০ অর্থবছরেও একই পরিমাণ টাকা দেখানো হয়েছে। কিন্তু, উক্ত অর্থ আদায়ের জন্য বাস্তব কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ব্যালেন্স সিটে Current Assets এ উক্ত অর্থ প্রদর্শন করায় আর্থিক বিবরণীতে সঠিক ও সত্যনিষ্ঠ বিবরণ (True & Fair view) প্রতিফলিত হয়নি।

দি টেলিগ্রাফ এ্যাক্ট, ১৮৮৫ এর ধারা ৭(এ), "এই আইনের অধীনে, টেলিগ্রাফ কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে বকেয়া পাওনা জরিমানা হিসেবে আদায় করা হবে" উল্লেখ রয়েছে।

সরকারি দাবী (Public Demand) হিসেবে The Public Demands Recovery Act, 1913 এর বিধান মোতাবেক বকেয়া আদায় করা হয়নি। উক্ত আইনের পার্ট-১ এর ৩(৬) এ সংজ্ঞায়িত করা হয় যে, 6) public demand হলো তফসিল-১ এ উল্লেখিত যে কোন বকেয়া বা অর্থ এবং তফসিল-২ এর অধীনে সার্টিফিকেট স্বাক্ষরিত হওয়ার তারিখ পর্যন্ত আইন অনুসারে তার উপর চার্জযোগ্য হতে পারে এমন সুদও অন্তর্ভুক্ত।

অনুরূপভাবে, পার্ট-২ এর ৬ অনুযায়ী the Certificate-officer, if he is satisfied that the demand is recoverable and that recovery by suit is not barred by law, may sign a certificate, in the prescribed form, stating that the demand is due; and shall include in the certificate the fee (if any) paid under section 5, sub-section (2); and shall cause the certificate to be filed in his office.

আলোচ্যক্ষেত্রে দি টেলিগ্রাফ এ্যাক্ট, ১৮৮৫ এর ধারা ৭(এ) এবং The Public Demands Recovery Act, 1913 পার্ট-১ এর ৩(৬) ও পার্ট-২ এর ৬ এর লঙ্ঘন করে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে পাওনা অনাদায়ী থাকায় কোম্পানির ৩১৬,৮১,৩৯,৬৩২ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: ৬]।

**অনিয়মের কারণ:** দি টেলিগ্রাফ এ্যাক্ট, ১৮৮৫ এর ধারা ৭(এ) এবং The Public Demands Recovery Act, 1913 পার্ট-১ এর ৩(৬) ও পার্ট-২ এর ৬ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** ২০০৮ সালে Rahman and Rahman Hoque(RRH) Chartered Accountant কর্তৃক বিটিটিবি'র আর্থিক প্রতিবেদন তৈরির পর বিটিসিএল এর বিভিন্ন পাওনা অসমন্বিত রয়েছে। সেই ধারাবাহিকতায় এই পরিমাণ টাকা দেখানো হয়েছে। এই ব্যাপারে বিটিসিএল এর পরামর্শক প্রতিষ্ঠান M/s Hoda Vasi Chowdhury & Co. Chartered Accountant কর্তৃক কাজ চলমান আছে। কাজটি সম্পন্ন হলে এই পাওনা সমন্বিত হয়ে যাবে।

**নিরীক্ষা মন্তব্য:** বকেয়া পাওনা দীর্ঘদিন যাবত আদায় করার কোন আইনানুগ উদ্যোগ গ্রহণ করা হয়নি। ফলে কোম্পানি আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** বকেয়া পাওনা আদায় করে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড এর তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০৬

**শিরোনাম: টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড কে প্রদত্ত অগ্রিম সমন্বয় না করায় ৪০,১০,১৫,৩৯১ (চল্লিশ কোটি দশ লক্ষ পনেরো হাজার তিনশত একানব্বই) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) ঢাকা অফিসে ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড কে প্রদত্ত অগ্রিম সমন্বয় না করায় ৪০,১০,১৫,৩৯১ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় নথি নং ১৪.৩৩.০০০০.০১৭.০৭ ৩২৮.১৫ পর্যালোচনায় দেখা যায় টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড কে ONU প্রকল্প/OSP Material বাবদ ০৭-০৭-২০১০ খ্রি. এবং ২৯-০৭-২০২০ খ্রি. তারিখে দুই ধাপে ৫০.০০ কোটি টাকা, টেলিফোন ইকুইপমেন্ট বাবদ ২৫.০০ কোটি টাকা এবং স্টেনো সেট, কলার আইডি সেট, মেনটেইন্যান্স ফ্রি ব্যাটারী এবং OSP Material সরবরাহ বাবদ ৩০-০৫-২০১২ খ্রি. ২০.০০ কোটি টাকাসহ সর্বমোট ৯৫.০০ কোটি টাকা (টেশিসকে) অগ্রিম প্রদান করা হয়। উল্লিখিত কাজের বিল বাবদ ২০১৪ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে ৫৪,৮৯,৮৪,৬০৮.৭৭ টাকা সমন্বয় করা হলেও অবশিষ্ট ৪০,১০,১৫,৩৯১.২৩ টাকা ২০১৪ খ্রি. হতে (৮ বছর) অসমন্বিত রয়েছে যা বিলের মাধ্যমে সমন্বয় বা আদায় করা হয়নি।

কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক নং-৪২ অনুযায়ী-To do all such other lawful things as Company may think conducive or incidental to the attainment of above objectives or to any one of them and to further the growth of Company. অনুরূপভাবে, ক্রমিক নং ৩৩ অনুযায়ী- To receive, recover and pay interest, commission fees and other charges and brokerage fees in connection with the activities of Company উল্লেখ রয়েছে।

আলোচ্যক্ষেত্রে কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক নং- ৪২ এবং ক্রমিক নং- ৩৩ লঙ্ঘন করে টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড কে প্রদত্ত অগ্রিম সমন্বয় না করায় ৪০,১০,১৫,৩৯১ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: চ]।

**অনিয়মের কারণ:** কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক নং- ৪২ এবং ক্রমিক নং- ৩৩ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** বিটিসিএল এর BoD সভার সিদ্ধান্তের আলোকে Consultancy Services for Reconstruction of Financial Account of BTCL এর কাজের জন্য গত ১২-০৯-২০২১ খ্রি.তারিখে পরামর্শক প্রতিষ্ঠান M/s Hoda Vasi Chowdhury & Co, Chartered Accountant এর সাথে বিটিসিএল এর চুক্তি সম্পাদিত হয়। উক্ত পরামর্শক প্রতিষ্ঠান M/s Hoda Vasi Chowdhury & Co, Chartered Accountant কর্তৃক বিটিসিএল এর ২০০৮-২০০৯ অর্থবছর হতে ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত আর্থিক প্রতিবেদনের বিভিন্ন খাতের উপর Reconstruction কাজ চলমান রয়েছে। উক্ত কাজ শেষে পরামর্শক প্রতিষ্ঠান বিটিসিএল এর কাছে চূড়ান্ত রিপোর্ট দাখিল করলে বিষয়টি সুরাহা হবে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ ব্যবসায়িক উদ্দেশ্যে বা চাহিদামত পণ্য সরবরাহের জন্য অগ্রিম প্রদত্ত অর্থ সমন্বয়ের জন্য বা পণ্য সরবরাহে ব্যর্থ হলে উক্ত অর্থ আদায়ের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের মতামতের প্রয়োজন নেই। টেশিসকে প্রদত্ত অগ্রিমের অবশিষ্ট পাওনা দীর্ঘদিন যাবত পণ্য গ্রহণের মাধ্যমে সমন্বয় বা আদায় করার কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি ফলে কোম্পানি আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** প্রদত্ত অগ্রিম যথাসময়ে সমন্বয় বা আদায় না করায় দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ আপত্তিকৃত অর্থ দ্রুত আদায় করে বিটিসিএল এর তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০৭

**শিরোনাম: নীতিমালা ছাড়া কু-ঋণ প্রভিশন (Provision for Bad debt) রাখায় কোম্পানির ৯,১০,৬২,৪৮৭ (নয় কোটি দশ লক্ষ বাষট্টি হাজার চারশত সাতাশি) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল), ঢাকা অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে অনিয়মিতভাবে কু-ঋণ প্রভিশন (Provision for Bad debt) রাখায় কোম্পানির ৯,১০,৬২,৪৮৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে আর্থিক বিবরণী এবং সংশ্লিষ্ট নথিপত্র যাচাইয়ে দেখা যায় যে, পরিশিষ্টে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের বকেয়া অর্থ আদায় না করে কু-ঋণ হিসেবে ব্যালেন্স সীটে (Current Liabilities) প্রদর্শন করা হয়েছে। এক্ষেত্রে মোট Receivable এর উপর ০.২% হারে ২০১৯-২০২০ সালে ৪,৪৬,৪২,১৩৬ টাকা এবং ২০২০-২০২১ সালে ৪,৬৪,২০,৩৫১ টাকা কু-ঋণ প্রভিশন রাখা হয়েছে। পাওনা আদায়ের যথাযথ ব্যবস্থা না করে নীতিমালা ছাড়া কু-ঋণ প্রভিশন (Provision for Bad debt) করায় কোম্পানির ৯,১০,৬২,৪৮৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে। উল্লেখ্য কু-ঋণ প্রভিশন এর জন্য কোন Accounting Policy প্রণয়ন না করে প্রতি বছর মোট Receivable টাকার উপর ০.২% হারে ধার্য করায় ৩০ জুন, ২০২১ খ্রি. পর্যন্ত পুঞ্জীভূত কু-ঋণ প্রভিশনের পরিমাণ ২৮৪,১৮,০১,৩৪৭ টাকা কোম্পানির দায় হিসাবে রয়েছে। রাষ্ট্রায়ত্ত কোম্পানি হিসেবে বকেয়া অর্থ আদায় না করে Accounting Policy ব্যতীত মোট Receivable এর উপর কু-ঋণ প্রভিশন ধার্য করায় প্রতি বছর কোম্পানির পুঞ্জীভূত কু-ঋণের পরিমাণ অর্থাৎ দায় বৃদ্ধি পাচ্ছে এবং সরকার Profit হতে বঞ্চিত হচ্ছে এছাড়া কোম্পানিকে ঋণ বা ইকুইটির জন্য সরকারের দ্বারস্থ হতে হয়।

International Financial Reporting Standards (IFRS) 5.5.16 অনুযায়ী "এনটিটি তার ট্রেড রিসিভেবল, লিজ রিসিভেবল এবং কন্ট্রাক্ট অ্যাসেট এর জন্য পৃথক একাউন্টিং পলিসি রাখবে"।

দি টেলিগ্রাফ এ্যাক্ট, ১৮৮৫ এর ধারা ৭(এ) "এই আইনের অধীনে, টেলিগ্রাফ কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে বকেয়া পাওনা জরিমানা হিসেবে আদায় করতে হবে" উল্লেখ রয়েছে এবং মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক-৪২ এ to do all such other lawful things as Company may think conducive or incidental to the attainment of above objectives or to any one of them and to further the growth of Company. অনুরূপভাবে, ক্রমিক-৩৩ এ To receive, recover and pay interest, commission fees and other charges and brokerage fees in connection with the activities of Company উল্লেখ রয়েছে।

আলোচ্যক্ষেত্রে বকেয়া পাওনা আদায় না করে অনিয়মিতভাবে কু-ঋণ প্রভিশন (Provision for Bad debt) করায় কোম্পানির ৯,১০,৬২,৪৮৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: ছ]।

**অনিয়মের কারণ:** দি টেলিগ্রাফ এ্যাক্ট, ১৮৮৫ এর ধারা ৭(এ), এবং কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক-৪২ ও ৩৩ এবং IFRS 5.5.16 লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** বিটিসিএল এর আর্থিক প্রতিবেদন তৈরি করা হয় Financial Reporting Framework এবং International Accounting Standard অনুসরণ করে। যে Provision for bad debt ধরা হয়েছে সেটা কোম্পানির exisiting policy ব্যবহার করে। বিটিসিএল এর পরামর্শক প্রতিষ্ঠান M/s Hoda Vasi Chowdhury & Co. Chartered Accountant এ ব্যাপারে revised policy দিবে এবং সেই policy অনুসারে পরবর্তীতে বিটিসিএল এর আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। Exisiting policy ব্যবহারের কথা বলা হলেও তা নিরীক্ষাকালীন সরবরাহ করা হয়নি এবং পরবর্তীতে জবাবের সাথেও প্রেরণ করা হয়নি। বকেয়া পাওনা আদায় না করে কোন নীতিমালা ছাড়া প্রতিবছর একই হারে কু-ঋণ প্রভিশন রাখায় ৩০ জুন, ২০২১ খ্রি. পর্যন্ত পুঞ্জীভূত কু-ঋণ প্রভিশনের পরিমাণ ২৮৪,১৮,০১,৩৪৭ টাকা কোম্পানির দায় হিসাবে রয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** নীতিমালা ছাড়া কু-ঋণ ধার্য করার জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ নীতিমালা প্রণয়ন করা ও পাওনা আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০৮

**শিরোনাম: মোবাইল ফোন অপারেটর রবি এবং বাংলালিংক এর নিকট হতে রেভিনিউ শেয়ারিং বাবদ পাওনা অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের ৪,৭৪,৩৪,০৮৪ (চার কোটি চুয়াত্তর লক্ষ চৌত্রিশ হাজার চুরাশি) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড এর নিয়ন্ত্রণাধীন চিফ জেনারেল ম্যানেজার বৈদেশিক টেলিযোগাযোগ অঞ্চল (ওটিআর) অফিসের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে মোবাইল ফোন অপারেটর রবি এবং বাংলালিংক এর নিকট হতে রেভিনিউ শেয়ারিং বাবদ পাওনা অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের ৪,৭৪,৩৪,০৮৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে নথি-১৪.৩৩.০০০০.৭১৭.৯৯.০০৪.২০ এবং নথি: ১৪.৩৩.০০০০.৭১৭.৯৯.০০৬.২০ যাচাইয়ে দেখা যায় যে, মোবাইল ফোন অপারেটর রবি এর নিকট অক্টোবর, ২০২০ হতে ডিসেম্বর, ২০২০ এবং বাংলালিংক এর নিকট হতে অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২১ পর্যন্ত কল শেয়ারিং বাবদ মোট ৪,৭৪,৩৪,০৮৪ টাকা বকেয়া রয়েছে।

বিটিসিএল প্রধান কার্যালয় কর্তৃক ২৫-০৫-২০২১ খ্রি. তারিখের পত্র নং ১৪.৩৩.০০০০.০৭০.০২.০০৭.১৯ এবং এর মাধ্যমে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। এছাড়াও কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর ক্রমিক-৩৩ অনুযায়ী- To receive, recover and pay interest, commission fees and other charges and brokerage fees in connection with the activities of Company বকেয়া আদায়ে উল্লেখ রয়েছে।

আলোচ্যক্ষেত্রে বিটিসিএল প্রধান কার্যালয়ের ২৫-০৫-২০২১ খ্রি. তারিখের পত্র নং ১৪.৩৩.০০০০.০৭০.০২.০০৭.১৯; ০৪-০১-২০২২ খ্রি. তারিখের পত্র নং ১৪.৩৩.০০০০.০৭০.০২.০১২.২১/৯ এবং কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন ক্রমিক-৩৩ এর নির্দেশনা লঙ্ঘন করে মোবাইল ফোন অপারেটর রবি এবং বাংলালিংক এর নিকট হতে রেভিনিউ শেয়ারিং বাবদ পাওনা অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের ৪,৭৪,৩৪,০৮৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: ত]।

**অনিয়মের কারণ:** বিটিসিএল প্রধান কার্যালয়ের ২৫-০৫-২০২১ খ্রি. তারিখের পত্র নং ১৪.৩৩.০০০০.০৭০.০২.০০৭.১৯; ০৪-০১-২০২২ খ্রি. তারিখের পত্র নং ১৪.৩৩.০০০০.০৭০.০২.০১২.২১/৯ এবং কোম্পানির মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন ক্রমিক নং-৩৩ এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** মোবাইল ফোন অপারেটর রবি আজিয়াটা লিমিটেড এবং বাংলালিংক এর বৈদিশিক ও ডোমিষ্টিক কল (রেভিনিউ শেয়ারিং) এর বিল যথাসময়ে প্রেরণ করা হলেও আয়কর সংক্রান্ত জটিলতার কারণে বিল আদায় করা সম্ভব হয়নি। বর্তমানে আয়কর সংক্রান্ত জটিলতা নিরসন করা হয়েছে এবং আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।

**নিরীক্ষার মন্তব্য:** জবাব স্বীকৃতিমূলক। কারণ অনদায়ী পাওনা যথাসময়ে আদায় করা হলে তা প্রতিষ্ঠানের বার্ষিক বাজেটে অন্তর্ভুক্ত করা হতো এবং প্রতিষ্ঠানের সমৃদ্ধি ও উন্নয়নের জন্য ব্যয় করা যেতো। আয়কর সংক্রান্ত সমস্যা পূর্বেই নিরসন করা উচিত ছিলো। এক্ষেত্রে মোবাইল ফোন অপারেটর রবি এবং বাংলালিংক এর নিকট হতে রেভিনিউ শেয়ারিং বাবদ পাওনা অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের ৪,৭৪,৩৪,০৮৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ বকেয়া পাওনা আদায় করে বিটিসিএল এর তহবিলে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং: ০৯

**শিরোনাম:** পাওয়ার গ্রিড কোম্পানি বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এর সাথে লিজ চুক্তি মূল্যের উপর স্ট্যাম্প শুল্ক পরিশোধ না করায় ৪৫,১৮,০০০ (পঁয়তাল্লিশ লক্ষ আঠারো হাজার) টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেসন্স কোম্পানি লিমিটেড এর নিয়ন্ত্রণাধীন চিফ জেনারেল ম্যানেজার ট্রান্সমিশন (পূর্ব) অফিসের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে পাওয়ার গ্রিড কোম্পানি বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এর সাথে লিজ চুক্তি মূল্যের উপর স্ট্যাম্প শুল্ক পরিশোধ না করায় ৪৫,১৮,০০০ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে নথি নং- ১৪.৩৩.০০০০.৬৮১.০২.০১০.২০ পর্যালোচনায় দেখা যায়, সিজিএম ট্রান্সমিশন (পূর্ব) অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে পাওয়ার গ্রিড কোম্পানি বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এর সাথে দেশ জুড়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল লিংক [Countrywide leasing out of one pair of optical fiber (Dark) 3585.82k.m.] স্থাপনের জন্য বার্ষিক ১৫ কোটি ৬ লাখ টাকা ভাড়ায় ১০ বছরের জন্য ০৪-০৪-২০১৬ খ্রি: তারিখে লিজ চুক্তি করা হয় এক্ষেত্রে স্ট্যাম্প শুল্ক পরিশোধের কোন প্রমাণক নথিতে পাওয়া যায়নি।

স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর ধারা ৩ তফসিল ১ (অর্থ আইন, ২০১২ এর ধারা ৪ দ্বারা সংশোধিত) এর ক্রমিক ৩৫ (৩) অনুযায়ী অনধিক ১০ বছর ইজারা চুক্তির ক্ষেত্রে পণ্য মূল্যের উপর ৩% স্ট্যাম্প শুল্ক পরিশোধ করতে হবে।

আলোচ্যক্ষেত্রে স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর ধারা ৩ তফসিল ১ (অর্থ আইন ২০১২ এর ধারা ৪ দ্বারা সংশোধিত) এর ক্রমিক ৩৫ (৩) লঙ্ঘন করে পাওয়ার গ্রিড কোম্পানি বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এর সাথে লিজ চুক্তি মূল্যের উপর স্ট্যাম্প শুল্ক পরিশোধ না করায় ৪৫,১৮,০০০ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট: ঝ]।

**অনিয়মের কারণ:** স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর ধারা ৩ তফসিল ১ (অর্থ আইন ২০১২ এর ধারা ৪ দ্বারা সংশোধিত) এর ক্রমিক ৩৫ (৩) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:** পাওয়ার গ্রিড বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এবং বিটিসিএল এর মধ্যে সম্পাদিত লিজ চুক্তি এবং স্ট্যাম্প আইন, ১৮৯৯ পর্যালোচনা করে জবাব প্রেরণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর ধারা ৩ তফসিল ১ (অর্থ আইন, ২০১২ এর ধারা ৪ দ্বারা সংশোধিত) এর ক্রমিক ৩৫ (৩) অনুযায়ী অনধিক ১০ বছর ইজারা চুক্তির ক্ষেত্রে পণ্য মূল্যের উপর ৩% স্ট্যাম্প শুল্ক পরিশোধ করতে হবে। সেক্ষেত্রে পিজিসিবি এর সাথে বিটিসিএল এর লিজ চুক্তিমূল্য ১৫,০৬,০০,০০০ টাকার উপর ৩% হারে ৪৫,১৮,০০০ টাকা স্ট্যাম্প শুল্ক পরিশোধ না করায় আর্থিক ক্ষতি হয়েছে।

**নিরীক্ষার সুপারিশ:** স্ট্যাম্প শুল্ক আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
হিসাব ভবন, ৩য় তলা, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোন: ৪৮৩১৬০৯৯।

তারিখ: ১৫-০২-১৪৩০ বঙ্গাব্দ
২৯-০৫-২০২৩ খ্রিষ্টাব্দ

মোহাম্মদ মাহমুদ হোসেন
মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

৫—

# দ্বিতীয় অংশ

# পরিশিষ্টসমূহ

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনু: নং | শিরোনাম | পরিশিষ্ট নম্বর | টাকা |
|---|---|---|---|
| | **বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড** | | |
| ০১ | নিম্নমানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার আমদানি করায় ও নিরাপত্তা জামানত নগদায়ন (Encashment) না করায় আর্থিক ক্ষতি। | ক (১-২) | ১,৫৪,৫৯,২০০ |
| ০২ | মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর নির্দেশনা লঙ্ঘনপূর্বক শেয়ারে বিনিয়োগ করায় আর্থিক ক্ষতি। | খ | ১,৫১,২৭,০০০ |
| ০৩ | ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ সম্পাদন না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা কর্তন না করায় আর্থিক ক্ষতি। | গ | ২০,৬৪,৭৮৩ |
| | **বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড** | | |
| | ২০১৮-২০১৯ | | |
| ০৪ | Optical Network Unit (ONU) এক্সচেঞ্জ অব্যবহৃত অবস্থায় থাকা সত্ত্বেও অনিয়মিতভাবে অফিস/বাড়ি ভাড়া পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ঘ | ১০,৫৮,৫০০ |
| | ২০২০-২০২১ | | |
| ০৫ | বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট পাওনা অর্থ দীর্ঘদিন হতে অনাদায়ী থাকায় কোম্পানির আর্থিক ক্ষতি। | ঙ | ৩১৬,৮১,৩৯,৬৩২ |
| ০৬ | টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড কে অগ্রিম প্রদত্ত দীর্ঘদিন অসমন্বিত থাকায় আর্থিক ক্ষতি। | চ | ৪০,১০,১৫,৩৯১.২৩ |
| ০৭ | কোন নীতিমালা ছাড়াই কু-ঋণ প্রভিশন (Provision for Bad debt) করায় কোম্পানির আর্থিক ক্ষতি। | ছ | ৯,১০,৬২,৪৮৭ |
| ০৮ | মোবাইল ফোন অপারেটর রবি এবং বাংলালিংক এর নিকট হতে বৈদেশিক ও ডমেস্টিক কল (রেভিনিউ শেয়ারিং) বাবদ পাওনা অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি। | জ | ৪,৭৪,৩৪,০৮৪ |
| ০৯ | পাওয়ার গ্রিড কোম্পানি বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এর সাথে লিজ চুক্তি মূল্যের উপর স্ট্যাম্প শুল্ক পরিশোধ না করায় সরকারি রাজস্ব ক্ষতি। | ঝ | ৪৫,১৮,০০০ |
| | | সর্বমোট= | ৩৭৪,৫৮,৭৯,০৭৭ |
| | কথায়: তিনশত চুয়াত্তর কোটি আটান্ন লক্ষ উনআশি হাজার সাতাত্তর টাকা। | | |

**নিম্নমানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার আমদানি করায় ও নিরাপত্তা জামানত নগদায়ন (Encashment) না করায় আর্থিক ক্ষতির বিবরণী:**

| ক্রমিক | অফিসের নাম | কাজের বিবরণ | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা | চুক্তি অনুযায়ী মালামাল সরবরাহ না করে নিম্ন মানের মালামাল সরবরাহ করা | ২৫,৭৬,৫৩৩ |
| ০২ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা | নিম্ন মানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার আমদানি করা | ১,২৮,৮২,৬৬৭ |
| | | সর্বমোট = | ১,৫৪,৫৯,২০০ |
| কথায়: এক কোটি চুয়ান্ন লক্ষ উনষাট হাজার দুইশত টাকা | | | |

৬—

অনুচ্ছেদ নং: ০১
পরিশিষ্ট: ক (১)

চুক্তি অনুযায়ী মালামাল সরবরাহ না করে নিম্ন মানের মালামাল সরবরাহ করা সত্ত্বেও নিরাপত্তা জামানত নগদায়ন না করায় ক্ষতিকৃত টাকার বিবরণী:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ঠিকাদারের নাম ও ঠিকানা | কাজের বিবরণ | NOA প্রদানর নং ও তারিখ | ক্রয়াদেশ নং ও তারিখ | নিরাপত্তা জামানত | ব্যাংক গ্যারান্টির তারিখ | নগদায়ন না করায় ক্ষতি |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা | HONGAN GROUP CORPORATION LTD.CHINA | ৯০,০০০ কি.মি কালার অপটিক্যাল ফাইবার সরবরাহ কাজ | ১৭৪৮ ৬-০৭-২০ | ২০১৯ ৬-০৮-২০ | ব্যাংক গ্যারান্টি ৩০৩৩০ USD | ২৮-০২-২১ | ৩০৩৩০ USD x ৮৪.৯৫ = ২৫,৭৬,৫৩৩ |
| কথায়: পঁচিশ লক্ষ ছিয়াত্তর হাজার পাঁচশত তেত্রিশ টাকা। | | | | | | | | |

অনুচ্ছেদ নং: ১
পরিশিষ্ট: ক (২)

নিম্নমানের এবং ব্যবহার অযোগ্য অপটিক্যাল ফাইবার আমদানি করায় অনিয়মিত ব্যয়ের বিবরণী:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ঠিকাদারের নাম ও ঠিকানা | মালামালের বিবরণ | NOA প্রদানর নং ও তারিখ | ক্রয়াদেশ নং ও তারিখ | চুক্তি মূল্য | ১ম লটে সরবরাহকৃত মালামাল ও মূল্য | নিম্নমানের ৪৫,০০০০ কি.মি. মালামালের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা | HONGAN GROUP CORPORATION LTD. CHINA | ৯০,০০০ কি.মিকালার অপটিক্যাল ফাইবার সরবরাহ (৩.৩৭ USD.KM) | ১৭৪৮ ৬-০৭-২০ | ২০১৯ ৬-০৮-২০ | ৩,০৩৩০০ USD = ৩,০৩৩০০ x ৮৪.৯৫ = ২,৫৭,৬৫,৩৩৫ | ৪৫,০০০ কি.মি = ৪৫,০০০ x ৩.৩৭ USD = ১,৫১,৬৫০ USD ১,৫১,৬৫০ x ৮৪.৯৫ = ১,২৮,৮২,৬৬৭ | ১,২৮,৮২,৬৬৭ |
| | | | | | | | সর্বমোট= | ১,২৮,৮২,৬৬৭ |
| কথায়: এক কোটি আটাশ লক্ষ বিরাশি হাজার ছয়শত সাতষট্টি টাকা। | | | | | | | | |

পরিশিষ্ট: খ

**মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর নির্দেশনা লঙ্ঘনপূর্বক শেয়ার বিনিয়োগ করায় আর্থিক ক্ষতির বিবরণী:**

| ক্রমিক নং | অফিসের নাম | অর্থবছর | শেয়ার বিনিয়োগকৃত প্রতিষ্ঠানের নাম | শেয়ার সংখ্যা | প্রতি শেয়ারের মূল্য | মোট মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণি, খুলনা। | ২০১৯-২০২০ | বাংলাদেশ কর্মাস ব্যাংক লিমিটেড | ৯২,৭০০টি | ১০০ | ৯২,৭০,০০০ | বাংলাদেশ কর্মাস ব্যাংক স্টক একচেঞ্জ তালিকাভুক্ত নয়। |
| | | ২০২০ - ২০২১ | আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড | ৫,৮৫,৭০০টি | ১০.০০ | ৫৮,৫৭,০০০ | আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড এর শেয়ার প্রতি মূল্য মাত্র ৪.১০ টাকা। ফলে, ৫,৮৫,৭০০টি শেয়ারের মূল্য= (৫,৮৫.৭০০X৪.১০)= ২৪,০১,৩৭০ টাকা। এক্ষেত্রে ক্ষতির পরিমাণ = (৫৮,৫৭,০০০–২৪.০১.৩৭০) = ৩৪,৫৫,৬৩০ টাকা। |
| | | | | | সর্বমোট = | ১,৫১,২৭,০০০ | |
| | | | | | | | কথায়: এক কোটি একান্ন লক্ষ সাতাশ হাজার টাকা। |

ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ সম্পাদন না করা সত্ত্বেও বিলম্ব জরিমানা কর্তন না করায় ক্ষতিকৃত টাকার বিবরণী:

| ক্রমিক নং | অফিসের নাম | ঠিকাদারের নাম ও ঠিকানা | কাজের বিবরণ | কার্যাদেশ/NOA নং ও তারিখ | চুক্তি মূল্য | সময়কাল | বিলম্বকাল | জরিমানা চুক্তি মুল্যের ১০% |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমণ, খুলনা | মেসার্স এনার্জি প্যাক ইঞ্জিনিয়ারিং লিমিটেড | ২,৫০০ কেভিএ সাব স্টেশন, ১,৫০০ কেভিআর, পি এফ আই এবং বিবিটি স্থাপন কাজ | ১২৯৮ ১৭-৫-২০১৮ চুক্তি তাং ৭-৬-২০১৮ | ২,৩৯,২১,০০০ | ১২০ দিন ৭-৬-২০১৮ হতে ৭-১০-১৮ | ২১ -০৫-২০১৯ ০৭ -১০-২০১৮ ১৪ - ৭ = ৭ মাস ১৪ দিন | জরিমানা = ২৩,৯২,১০০ জরিমানা কর্তন = ৩,২৭,৩১৭ ক্ষতিকৃত টাকা =২০,৬৪,৭৮৩ |
| | | | | | | | সর্বমোট = | ২০,৬৪,৭৮৩ |
| কথায়: বিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশত তিরাশি টাকা। | | | | | | | | |

পরিশিষ্ট: ঘ

অনিয়মিতভাবে বাড়ী ভাড়া পরিশোধের বিবরণী

| ক্রমিক নং | এক্সচেঞ্জের নাম ও ঠিকানা | সময়কাল | পরিশোধিত বাড়ী ভাড়া (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ONU এক্সচেঞ্জ ৭৯/এ, ১ম কলোনী, মাজার রোড, মিরপুর, ঢাকা। | ০১-০৬-২০১১ হতে ৩০-০৫-২০১৪ | ১০,০০০x১২x৩=৩,৬০,০০০ | এক্সচেঞ্জটি স্থাপনের সময় হতে অদ্যাবধি অব্যবহৃত অবস্থায় আছে। সেকেন্ডারী নেটওয়ার্ক না থাকায় অদ্যাবধি কোন টেলিফোন সংযোগ প্রদান করা হয়নি। |
| | | ০১-০৬-২০১৪ হতে ৩০-০৫-২০১৭ | ১১,০০০x১২x৩=৩,৯৬,০০০ | |
| | | ০১-০৬-২০১৭ হতে ৩০-০৫-২০১৯ | ১২,১০০x১২x২=২,৯০,৪০০ | |
| | | ৩০-০৬-২০১৯ | ১২,১০০x১=১২,১০০ | |
| | | সর্বমোট = | = ১০,৫৮,৫০০ | |
| | | | কথায়: দশ লক্ষ আটান্ন হাজার পাঁচশত টাকা | |

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল), ঢাকা অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে পাওনা অর্থ দীর্ঘদিন হতে অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | টেলিটক বাংলাদেশ লিমিটেড | ৭৯,৬৫,২৭,৪৩৩ |
| ২ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড | ৪৯,৯৪,০২,২৭৯ |
| ৩ | বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান | ১২,৮১,৮২,৯৬৬ |
| ৪ | বিভিন্ন (Sun-die) কোম্পানি | ১৭৪,৪০,২৬,৯৫৪ |
| | সর্বমোট = | ৩১৬,৮১,৩৯,৬৩২ |
| | | কথায়:তিনশত ষোল কোটি একাশি লক্ষ উনচল্লিশ হাজার ছয়শত বত্রিশ টাকা |

বিভিন্ন মৃতপ্রায় কোম্পানির নিকট **(Closed number owing company, Other IGW as BTCL ICX, Other IGW as BTCL ANS** নিকট এবং **Non operating activities** বাবদ) পাওনা অর্থ দীর্ঘদিন যাবত আদায় **(recover)** না করায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | Closed number owing company | ১৬৫,০০,১৩,০৬৯ |
| ২ | Other IGW as BTCL ICX | ১,৫০,১৫,৭৯৪ |
| ৩ | Other IGW as BTCL ANS | ২,৯৯,১৩,৬১৪ |
| ৪ | Non operating activities | ৪,৯০,৮৪,৪৭৭ |
| | সর্বমোট = | ১৭৪,৪০,২৬,৯৫৪ |
| | | কথায়: একশত চুয়াত্তর কোটি চল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার নয়শত চুয়ান্ন টাকা |

পরিশিষ্ট: চ

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড (বিটিসিএল), ঢাকা অফিসের ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে টেলিফোন শিল্প সংস্থা লিমিটেডকে বিভিন্ন টেলিফোন ইকুইপমেন্ট, ওএসপি ম্যাটেরিয়াল, টেলিফোন সেট ইত্যাদি বাবদ অগ্রিম প্রদত্ত অর্থ দীর্ঘদিন অসমন্বিত থাকায় আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নং | বিবরণ | প্রদত্ত অগ্রিম অর্থের পরিমাণ | বিলের মাধ্যমে সমন্বয় | সমন্বয়ের তারিখ | অবশিষ্ট পাওনা |
|---|---|---|---|---|---|
| ১. | ONU প্রকল্প/OSP Material বাবদ দুই ধাপে (০৭-৭০-২০১০ খ্রি. এবং ২৯-০৭-২০১০ খ্রি. তারিখে) প্রদত্ত অগ্রিম | ৫০,০০,০০,০০০ | ৪৬,২২,৮৩,০৬৫.৭৭ | ১১-১২-২০১২ | ৪৩,৭৫,৪১৪.২৩ |
| | | | ৩,৩৩,৪১,৫২০ | ০৪-০৫-২০১৪ | |
| ২. | Telephone Epuipment and Material | ২৫,০০,০০,০০০ | --- | --- | ২৫,০০,০০,০০০ |
| ৩. | স্টেনো সেট, কলার আইডি সেট,মেইনটেন্যান্স ফ্রি ব্যাটারি, OSP Material | ২০,০০,০০,০০০ | ৫,৩৩,৬০,০২৩ | (বিভিন্ন সময়ে বিলের মাধ্যমে সমন্বয়) | ১৪,৬৬,৩৯,৯৭৭ |
| | সর্বমোট = | ৯৫,০০,০০,০০০ | ৫৪,৮৯,৮৪,৬০৮ | --- | ৪০,১০,১৫,৩৯১.২৩ |

কথায়: চল্লিশ কোটি দশ লক্ষ পনের হাজার তিনশত একানব্বই টাকা

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল), ঢাকা অফিসে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে অনিয়মিতভাবে কু-ঋণ প্রভিশন (**Provision for Bad debt**) করায় কোম্পানির আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নং | Receivable | | Provision | | Accumulated Provision |
|---|---|---|---|---|---|
| | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ২২৩২,১০,৬৮,২০৪ | ২৩২১,০১,৭৫,৭৫৪ | @ ০.২%<br>৪,৪৬,৪২,১৩৬ | @ ০.২%<br>৪,৬৪,২০,৩৫১ | ২৮৪,১৮,০১,৩৪৭ |
| | | মোট = | (৪,৪৬,৪২,১৩৬+৪,৬৪,২০,৩৫১)=<br>৯,১০,৬২,৪৮৭ | | |

কথায় : নয় কোটি দশ লক্ষ বাষট্টি হাজার চারশত সাতাশি টাকা

কু-ঋণ প্রভিশন (**Provision for Bad debt**) করায় কোম্পানির আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নং | বিবরণ | হিসাব সাল | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | লোকাল অপারেটরসমূহ | ৩৭৮৭৯৮২৮৪৩ | ৪১৬১৬৩৩৫৪০ | ৩৪,৪৬,৩৯,৬০৬ |
| ২ | বৈদেশিক অপারেটরসমূহ | ৭৫৬০৯৭০৭৩২ | ৭৪১০৪২৯১৭৬ | ৫০,২৬,৮২,৫২৩ |
| ৩ | লোকাল কাস্টমার | ৫১৫৩৮৯৮৪৫৩ | ৫৬০৬৮০৪৯৩৫ | |
| ৪ | Closed Number Owing Company | ১৬৫০০১৩০৬৯ | ১৬৫০০১৩০৬৯ | ১৬৪,৭৮,০০,৪২৪ |
| ৫ | Other IGW as BTCL ICX | ১৫০১৫৭৯৪ | ১৫০১৫৭৯৪ | --- |
| ৬ | Other IGW as BTCL ANS | ২৯৯১৩৬১৪ | ২৯৯১৩৬১৪ | --- |
| ৭ | Other Operating Activities | ৭৮৭৬১২১৬৮ | ৭৯৩৬৫৯১১২ | --- |
| ৮ | Non Operating Activities | ৪৯০৮৪৪৭৭ | ৪৯০৮৪৪৭৭ | --- |
| ৯ | Receiveable from related parties | ৩২৮৬৫৭৭০৫৫ | ৩৪৯৩৬২২০৩৭ | --- |
| ১০ | প্রাইভেট-নরমাল | --- | --- | ২৪,৭০,০৮,৬৬৭ |
| ১১ | অন্যান্য অনাদায়ী | --- | --- | ৯,৯৬,৭০,১২৭ |
| | মোট = | ২২৩২,১০,৬৮,২০৪ | ২৩২১,০১,৭৫,৭৫৪ | ২৮৪,১৮,০১,৩৪৭ |

পরিশিষ্ট: জ

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর আওতাধীন চীফ [illegible] টেলিযোগাযোগ অঞ্চল (ওটিআর) অফিসের ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে মোবাইল ফোন অপারেটর রবি এর নিকট হতে রেভিনিউ শেয়ারিং বাবদ পাওনা অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নং | আইটেম | বিটিসিএল কর্তৃক বিলকৃত টাকা | রবি কর্তৃক বিলকৃত টাকা | বিটিসিএল এর পাওনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ডোমেস্টিক (ICX) কল | ৩,৩৯,৯৫,৩৬৮ | ৪৩,৬১,১৩৫ | (৩,৭৯,৩৮,১৬৮-৩,৪৮,৭০,৫৬৪) |
| ২ | ডোমেস্টিক (ANS) কল | ৬,৯৯,৪১৭ | | |
| ৩ | বৈদেশিক (ICX) কল | ১,২২,৭৪০ | ৩,০৫,০৯,৪২৯ | |
| ৪ | বৈদেশিক (IGW) কল | ৩১,২০,৬৪৩ | | |
| | মোট = | ৩,৭৯,৩৮,১৬৮ | ৩,৪৮,৭০,৫৬৪ | ৩০,৬৭,৬০৪ |

২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে মোবাইল ফোন অপারেটর বাংলালিংক এর নিকট হতে রেভিনিউ শেয়ারিং বাবদ পাওনা অনাদায়ী থাকায় প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্রমিক নং | আইটেম | বিটিসিএল কর্তৃক বিলকৃত টাকা | বাংলালিংক কর্তৃক বিলকৃত টাকা | বিটিসিএল এর পাওনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ডোমেস্টিক (ICX) কল | ৩,৯১,৪৩,১৭০ | ৪৭,৩৫,৬০৮ | অক্টোবর/২০ হতে ফেব্রু:/২১<br>(৪,১৯,৮৫,৪৫৬-১,৯৬,০৮,৮১৭)=<br>২,২৩,৭৬,৬৩৯ |
| ২ | ডোমেস্টিক (ANS) কল | ৬,১১,৬২৮ | | |
| ৩ | বৈদেশিক (ICX) কল | ১,৮৯,৯৪৫ | ১,৪৮,৭৩,২০৯ | |
| ৪ | বৈদেশিক (IGW) কল | ২০,৪০,৭১৩ | | |
| | মোট= | ৪,১৯,৮৫,৪৫৬ | ১,৯৬,০৮,৮১৭ | |
| ৫ | ডোমেস্টিক (ICX) ও (ANS) কল এবং<br>বৈদেশিক (ICX) ও (IGW) কল | ৩,৪৫,০০,৩২০ | ১,২৫,১০,৪৭৯ | মার্চ/২১ হতে জুন/২১<br>(৩,৪৫,০০,৩২০-১,২৫,১০,৪৭৯)=<br>২,১৯,৮৯,৮৪১ |
| | | | সর্বমোট = | ৪,৪৩,৬৬,৪৮০ |
| রেভিনিউ শেয়ারিং বাবদ মোবাইল ফোন অপারেটর রবি ও বাংলালিংক এর নিকট অনাদায়ী পাওনা<br>সর্বমোট = ৪,৪৩,৬৬,৪৮০+৩০,৬৭,৬০৪=৪,৭৪,৩৪,০৮৪ | | | | |
| কথায়: চার কোটি চুয়াত্তর লক্ষ চৌত্রিশ হাজার চুরাশি টাকা | | | | |

৭—

চীফ জেনারেল ম্যানেজার ট্রান্সমিশন (পূর্ব), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল), মহাখালী ঢাকা অফিসের ২০২০-২০২১ অর্থবছরে পাওয়ার গ্রিড কোম্পানি বাংলাদেশ (পিজিসিবি) লিমিটেড এর সাথে লিজ চুক্তি মূল্যের উপর স্ট্যাম্প শুল্ক পরিশোধ না করায় সরকারি রাজস্ব ক্ষতির বিবরণী:

| মেয়াদ | মোট ফাইবার গ্রহণ | ভাড়া চুক্তিমূল্য (বার্ষিক) | হার | স্ট্যাম্প শুল্কের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০ বছর | ৩৫৮৫.৮২ কি.মি. | ১৫,০৬,০০,০০০ | ৩% | ৪৫,১৮,০০০ |
| কথায়: পঁয়তাল্লিশ লক্ষ আঠারো হাজার টাকা | | | | |

তারিখ: ১৫-০২-১৪৩০ বঙ্গাব্দ
২৯-০৫-২০২৩ খ্রিষ্টাব্দ।

মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
হিসাব ভবন, ৩য় তলা, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোন: ৪৮৩১৬০৯৯।

মাহাম্মদ মাহমুদ হোসেন
মহাপরিচালক
ড. টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বাঃসঃমুঃ-২০২২-২৩/৪৬১৩কম-এ(৩)—৭০০ বই, ২০২৩।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
**অডিট ভবন**
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd